


## বাংলাদেশ সাবমেরিন ক্যাবলস্ পিএলসি (বিএসসিপিএলসি) রহমান'স রেগনাম সেন্টার (৮ম ও ৯ম তলা) ১৯১/১, তেজগাঁও-গুলশান লিংক রোড, ঢাকা-১২০৮।

ফোন: ৮৮০২ ২২৬৬০৩৩১৫, ৮৮০২ ২২৬৬০৩৩১৬





## কোম্পানির শেয়ারহোল্ডার/বিনিয়োগকারীগণের জন্য নোটিশ

## [অবণ্টিত/অদাবিকৃত নগদ লভ্যাংশের অর্থ ক্যাপিটাল মার্কেট স্টাবিলাইজেশন ফান্ড বা পুঁজিবাজার স্থিতিশীলকরণ তহবিলে স্থানান্তর সংক্রান্ত]

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর গত ১৪ জানুয়ারি, ২০২১খ্রি. তারিখের নির্দেশনা নং- বিএসইসি/সিএমআরআরসিডি/২০২১-৩৮৬/০৩ এবং বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (ক্যাপিটাল মার্কেট স্টাবিলাইজেশন ফান্ড) বিধি, ২০২১ অনুসারে লভ্যাংশ ঘোষণা/অনুমোদনের দিন/রেকর্ড ডেট হতে ০৩ (তিন) বছরের অধিক কাল যাবৎ অবণ্টিত/অদাবিকৃত নগদ লভ্যাংশের অর্থ ক্যাপিটাল মার্কেট স্টাবিলাইজেশন ফান্ড বা পুঁজিবাজার স্থিতিশীলকরণ তহবিলে স্থানান্তর করতে হবে।

এমতাবস্থায়, বিএসসিসিএলের যে সকল সম্মানিত শেয়ারহোল্ডার/বিনিয়োগকারীগণ এখনো ২০২০-২০২১ অর্থ বছরের জন্য ঘোষিত নগদ লভ্যাংশের ওয়ারেন্ট সংগ্রহ করেননি তাদেরকে আগামী ২৯ সেপ্টেম্বর, ২০২৪খ্রি. তারিখের মধ্যে কোম্পানির প্রধান কার্যালয়ে অফিস চলাকালীন সময়ে উপযুক্ত প্রমাণকসহ হাজির হয়ে বর্ণিত নগদ লভ্যাংশের ওয়ারেন্ট সংগ্রহ ও ৩০ সেপ্টেম্বর, ২০২৪খ্রি. তারিখের মধ্যে নগদায়নের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। তাছাড়া বিএসসিসিএলের যে সকল সম্মানিত শেয়ারহোল্ডার/বিনিয়োগকারীগণ এখনো ২০২১-২০২২ ও ২০২২-২০২৩ অর্থ বছরের জন্য ঘোষিত নগদ লভ্যাংশের ওয়ারেন্ট সংগ্রহ করেননি তাদেরকে অনতিবিলম্বে কোম্পানির প্রধান কার্যালয়ে অফিস চলাকালীন সময়ে উপযুক্ত প্রমাণকসহ হাজির হয়ে বর্ণিত নগদ লভ্যাংশের ওয়ারেন্ট সংগ্রহের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

এ প্রসঞ্চো উল্লেখ্য যে, ২০২০-২০২১ অর্থ বছরের জন্য ঘোষিত নগদ লভ্যাংশ ওয়ারেন্টের বিপরীতে যে সকল ক্ষেত্রে আগামী ২৯ সেপ্টেম্বর, ২০২৪খ্রি. তারিখের মধ্যে কোনও বৈধ দাবি পাওয়া যাবে না, সে সকল অবণ্টিত/অদাবিকৃত নগদ লভ্যাংশের অর্থ বিএসইসি'র নির্দেশনা অনুসরণকরত: ক্যাপিটাল মার্কেট স্টাবিলাইজেশন ফান্ড বা পুঁজিবাজার স্থিতিশীলকরণ তহবিলে স্থানান্তর করা হবে।

উপর্যুক্ত বিষয়ে যে কোন প্রয়োজনে সম্মানিত শেয়ারহোল্ডার/বিনিয়োগকারীগণ অফিস চলাকালীন সময়ে সরাসরি উপস্থিত হয়ে অথবা ৮৮০২ ২২৬৬০৩৩১৫-৬ ফোন নাম্বারে অথবা cs@bsccl.com ঠিকানায় ই-মেইল প্রেরণের মাধ্যমে যোগাযোগ করতে পারেন। উল্লেখ্য যে, বর্ণিত সময়ের অবণ্টিত/অদাবিকৃত নগদ লভ্যাংশের তালিকা কোম্পানির ওয়েব সাইট : www.bsccl.com.bd-এ সংশ্লিষ্ট সকলের অবলোকনের নিমিত্ত আপলোড করা হয়েছে।

তারিখ, ঢাকা ২৮ আগস্ট, ২০২৪খ্রি.।

স্বা/-

(মোহাম্মদ জাকিরুল আলম)

কোম্পানি সচিব (অতিরিক্ত দায়িত্ব) ফোন: ০২২২৬৬০৩৩১৩ (অফিস)

ই-মেইল: cs@bscplc.gov.bd